

৮. “অবশেষে”

মনাই নদী তোমার শেষ মোহনায় গভীর জলসীমার গভীরে  
আমি ডুব দিয়ে পাই আমার প্রিয়ার উদ্দেশ্য;  
নদী ভাঙনে গতিধারার পরিবর্তনে আসে জোয়ার।  
কেশবপুর থেকে কলমাকান্দার এ জল পথে তোমার  
নিত্য আসা-যাওয়া দেখতে বড়ই ইচ্ছে করে।  
দেবদাস যেমন শেষ ইচ্ছে পূরন করতে গিয়েছিল  
পার্বতীর স্বামীর বাড়ির সামনের বট বেদীতে,  
পার্বতীকে শেষ দেখা করতে দেয়া হয়নি।  
শেয়াল-কুকুরে দেবদাদের দেহদাশেষ খেয়েছে খানিকটা  
মনাই নদীর পাশে দাঁড়ালে আমারও  
ইচ্ছে করে ওপাড়ে যেখানে আমার প্রিয়ার ঘর  
মেহেদী গাছের আড়ের বেদীমূলে অবশেষে  
শেষ সমাধী রচনা করি জীবন সায়াক্কে শ্রাবনের শেষে ।